# বিআর২৫

ফ্যাক্ট শীট: আমন ধানের জাত

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## জাত পরিচিতি




বিআর২৫

বিআর২৫ একটি আমন ধানের জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৯২ সালে এ জাত উদ্ভাবন করেছে। এর জনপ্রিয় নাম নয়াপাজাম। বিআর২৫ বা নয়াপাজাম ধানের রং ও আকৃতি এবং চালের আকার একদম পাজামের মত। নয়াপাজাম পাজাম জাতের চাইতে ফলন বেশী দেয় ।

## জাতের বৈশিষ্ট্য

- নয়াপাজামের উচ্চতা ১৩৮ সেন্টিমিটার।
- কান্ড মজবুত।

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

বিআর২৫ একটি মধ্যম জীবনকাল সম্পন্ন ধান। এ ধান চাষ করে আমন পরবর্তী রবি ফসল, যেমন- গম, ডাল, সবজি ইত্যাদি ফসল সময়মত চাষাবাদ করা সহজ হবে। তাছাড়া চালের বাজার মূল্য বেশী হওয়ায় কৃষক লাভবান হবেন।




## জীবনকাল

এর জীবনকাল ১৩৫ দিন

## ফলন

ফলন হেক্টর প্রতি ৪.৫ টন।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজতলায় বীজ বপন :** ১-৩০ আষাঢ় (১৫ জুন-১৫ জুলাই)।

২. **চারার বয়স :** ২৫-৩০ দিন।

৩. **রোপণ দূরত্ব :** ২৫ X ১৫ সেন্টিমিটার।

৪. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) :**

| ৪.১ | ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | জিঙ্ক |
|---|---|---|---|---|---|
| | ২০ | ১৪ | ৯ | ৮ | ১.৫ |

৪.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৪৫ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া সার প্রয়োগ করা উত্তম।

৫. **আগাছা দমন :** রোপণের অন্তত ১ মাস পর্যন্ত জমি আগাছামুক্ত রাখা আবশ্যক।

৬. **সেচ ব্যস্থাপনা :** চাল শক্ত হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূরক সেচ দিতে হবে।

৭. **রোগবালাই দমন :** নয়াপাজাম ব্লাস্ট, পাতাপোড়া রোগ এবং পামরি পোকার আক্রমণে মধ্যম প্রতিরোধশীল। অনুমোদিত দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

৮. **ফসল পাকা ও কাটা :** ১-১৫ অগ্রহায়ণ (১৫-৩০ নভেম্বর)।

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষনা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd